জেলা পরিষদ
নড়াইল

গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: জেপ/নড়া/সাধ/২০২৩/ ২১৪ তারিখ: ১৩-৬-২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ , জেলা পরিষদ শাখা এর ৭ জুন,২০২৩ তারিখের ৪৬. ০০.২০০০.০৪২.১১. ০১০. ১৯ -১১৪৮ নং স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে নড়াইল জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভূক্ত অফিস সহায়ক ও প্রহরীর শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে চাকরির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|
| ১। | অফিস সহায়ক | ১(এক) টি | ৮২৫০-২০০১০ ( জাতীয় বেতন স্কেল- ২০১৫, গ্রেড-২০) | ১৮-৩০ বৎসর | অষ্টম শ্রেণী পাশ | সরাসরি |
| ২। | প্রহরী | ১(এক) টি | ৮২৫০-২০০১০ ( জাতীয় বেতন স্কেল- ২০১৫, গ্রেড-২০) | ১৮-৩০ বৎসর | অষ্টম শ্রেণী পাশ | সরাসরি |

আবেদনের শর্তাবলি :

১। চাকরির আবেদন ফরম জেলা পরিষদ কার্যালয়ের রিসিভ শাখায় (বিনা মূল্যে) পাওয়া যাবে এ ছাড়াও জেলা পরিষদের ওয়েব সাইট www.zpnaril.gov.bd জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov,bd বা www,forms.gov.bd- এ পাওয়া যাবে ।

২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩। প্রার্থীকে চাকরির ফরমে স্বহস্তে লিখিত আবেদন করতে হবে । স্ব-হস্ত লেখা ব্যতিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।

৪। আবেদন পত্র প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ,নড়াইল বরাবর আগামী ১৪/০৮/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ডাকযোগে ( বিকাল ৪-০০ টার মধ্যে) এ কার্যালয়ে পৌঁছাতে হবে ।

৫। প্রার্থীর বয়স ১৫/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে ১৮- ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার সন্তান /পোষ্যদের বয়স ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য । তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখের সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর নির্ধারিত হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না

৭। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে ।

৮। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে : (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি, (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ সিটি কর্পোরেশন মেয়র/ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ পত্র, (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র, (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি। সনদপত্র প্রদানকারী বা সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবি সংবলিত সীলবিহীন কোন ছবি বা কাগজ পত্র দাখিল করা হলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে, (ঙ) আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নড়াইল এর অনুকূলে অফেরতযোগ্য ২০০/- (দুইশত ) টাকার পোস্টাল অর্ডার/ পে- অর্ডার / ব্যাংক ড্রাফ্ট সংযোজন করতে হবে, (চ) জাতীয় পরিচয় পত্র বা স্মার্টকার্ডের ফটোকপি অথবা অনলাইনে জন্ম নিবন্ধনের ফটোকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

৯। শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের বিদ্যমান বিধিবিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। কোন প্রার্থী কোটা সুবিধার জন্য আবেদন করলে আবেদনের স্বপক্ষে কোটাতে অন্তর্ভূক্তির প্রমাণপত্র / যথাযথ কর্তৃপক্ষের কাগজপত্র দাখিল করতে হবে ।

১০। মুক্তিযোদ্ধা সংক্রান্ত বিধিবিধান অনুসরণ করা হবে ।

১১। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ডাকযোগে জারির স্বার্থে আবেদনপত্রের সাথে ১০/- টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকিটযুক্তসহ নিজের নাম ঠিকানা সংবলিত ১০.৫ X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে ।

১২। আবেদনকারীকে খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৩। আবেদন পত্রসমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীদের নির্বাচনি পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য যাতায়াত বাবদ কোন প্রকার ভ্রমণ ভাতা প্রদান করা হবে না ।

১৪। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীদের অবশ্যই দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে ।

১৫। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন ও সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে ।

১৬। চাকরির শর্তাবলি জেলা পরিষদ আইন, ২০০০ ও স্থানীয় সরকার (জেলা পরিষদ) জেলা পরিষদ কর্মকর্তা / কর্মচারী চাকরি বিধিমালা, ১৯৯০ এবং এ সংক্রান্ত ১৬ জানুয়ারি ২০০৬ সালের সংশোধনী অনুযায়ী সরাসরি নিয়োগ এবং বেতন ভাতার সুযোগ সুবিধার ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে ।

১৭। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। ইহা স্থায়ী নিয়োগের নিশ্চয়তা বহন করে না। এ নিয়োগ সম্পর্কে কোন জটিলতা সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৮। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ / বাতিল বা বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে । অনিবার্য কারণে যে কোন পর্যায়ে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

১৯। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য /কাগজপত্র ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে যে কোন পর্যায়ে এমন কি চাকরি পাওয়ার পরও যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১৩.০৬.২৩
ড. মোঃ লুৎফর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,নড়াইল ।

G:\ALL OFFICE\Aplication Notice.doc

স্মারক নং:জেপ/নড়া/সাঃ/২০২৩/ ২১৪(১০০) তারিখঃ ১৬.০৬.২৩

অনুলিপি সদয় অবগতি ও ব্যাপক প্রচারের জন্য :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। পরিচালক, স্থানীয় সরকার , খুলনা বিভাগ, খুলনা ।
৪। চেয়ারম্যান , জেলা পরিষদ-----------------(সকল )
৫। জেলা প্রশাসক , নড়াইল
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ ----------------------------(সকল)
৭। পুলিশ সুপার,নড়াইল
৮। সিভিল সার্জন , নড়াইল
৯। উপ-পরিচালক,স্থানীয় সরকার ,নড়াইল
১০। মেয়র ,নড়াইল পৌরসভা , নড়াইল
১১। নির্বাহী প্রকৌশলী , গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/ এল জি ই ডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ,নড়াইল
১২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নড়াইল সদর / লোহাগড়া/কালিয়া
১৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,নড়াইল সদর/লোহাগড়া/কালিয়া
১৪। মেয়র, লোহাগড়া/কালিয়া পৌরসভা,নড়াইল
১৫। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা অফিস, নড়াইল
১৬। জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/সহকারী বন সংরক্ষক, নড়াইল
১৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নড়াইল
১৮। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নড়াইল
১৯। জেলা শিক্ষা কর্মকর্তা,নড়াইল
২০। সম্মানিত সদস্য, ওয়ার্ড নং ---------- জেলা পরিষদ, নড়াইল
২১। সম্পাদক, দৈনিক বনিক বার্তা, ঢাকা । নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০১/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় কম্পিউটারের ৮ ফন্ট এ ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ৩(তিন) কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণে জন্য অনুরোধ করা হলো ।
২২। সম্পাদক, দৈনিক গ্রামের কাগজ, খুলনা। নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০১/০৭/২০২৩ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় কম্পিউটারের ৮ ফন্ট এ ০১(এক) দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ৩(তিন) কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণে জন্য অনুরোধ করা হলো ।
২৩। নোটিশ বোর্ড, জেলা পরিষদ,নড়াইল

১৬.৬.২৩

ড. মোঃ লুৎফর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ,নড়াইল ।